

## অপারেশ জাটকা নিধন কার্যক্রম অংশ গ্রহন

বা নৌ জা মংলার অধীনে ০২টি এলসিটি এবং ০৩টি এলসিভিপি রয়েছে। তন্মধ্যে এলসিটি ১০১, এলসিভিপি ০১৩ সমুদ্র এলাকা পাথরঘাটা, খেপুপাড়া, ও তদসংলগ্ন এলাকায় গত ৩১ মে ২০০৯ তারিখ পর্যন্ত সরকার নির্দেশিত জাটকা নিধন অভিযানে নিয়োজিত ছিল। অভিযান চলাকালে উল্লিখিত জাহাজ এবং জাহাজ কর্তৃক ভাড়াকৃত ইঞ্জিন চালিত ট্রলার এর মাধ্যমে টহল প্রদান ও অবৈধ কারেন্ট জাল উদ্ধার ও পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের সম্মুখে উদ্ধারকৃত কারেন্ট জাল বিনষ্ট করা হয়। সমুদ্র উপকূলীয় এলাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরকার নির্দেশিত সময়ে জাটকা নিধন কর্মকাণ্ডে নৌ বাহিনীর জাহাজগুলি বিভিন্ন ধরনের সার্চ এবং রেসকিউ অপারেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমান সমুদ্র উপকূলীয় এলাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরকার নির্দেশিত জাটকা নিধন রোধ, চোরাচালান বিরোধী অভিযান, বে-স্ট্রীপ ও মৎস্য সংরক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত রয়েছে।